

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দাবুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২০৪.২৩. ৫০৬

তারিখ : ১২ অক্টোবর ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত “নারী পাচার রোধে গণমাধ্যমের ভূমিকা” শীর্ষক সেমিনার ১২ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন নাহার হেনা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সুমাইয়া ইসলাম, নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী শ্রমিক কেন্দ্র এবং জাতীয় প্রেস ক্লাবের যুগ্ম সম্পাদক আশরাফ আলী।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক তাঁর বক্তব্যে বলেন, নারী পাচারের মূল কারণ দারিদ্রতা ও শিক্ষা। চাকরি এবং বিয়ের প্রলোভন দেখিয়ে আন্তর্জাতিক চক্রের মাধ্যমে নারীদের পাচার করা হচ্ছে। তিনি আরও বলেন, বাঙ্গালী নারীদের পাশাপাশি উপজাতি নারীরাও দেশি-বিদেশী চক্রের মাধ্যমে পাচারের শিকার হচ্ছে। এ ব্যাপারে তিনি গণমাধ্যমকে শক্তিশালী ভূমিকা পালন করতে বলেন।


প্রধান আলোচক সুমাইয়া ইসলাম বলেন, বিদেশে কতজন বাঙ্গালী নারী কাজ করছে তার সঠিক সংখ্যা নির্ণয়ে সরকারকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। এই সমাজের অর্থনীতিতে নারীর অবদানকে যথাযথভাবে স্বীকৃতি দেওয়া হয় না। যে সব নারীরা রেমিট্যান্স পাঠায় তাদের সব ধরনের দায়িত্ব নেওয়ার ব্যাপারে সরকারের সুদৃষ্টি কামনা করেন। এছাড়াও তিনি একটি ভিডিও ডকুমেন্টারির মাধ্যমে সৌদিআরবের নারী শ্রমিকদের কল্পন চিত্র তুলে ধরেন।

জাতীয় প্রেস ক্লাব-এর যুগ্ম সম্পাদক আশরাফ আলী বলেন, নারী পাচারের বিষয়টি বর্তমান সময়ে সঠিকভাবে গণমাধ্যমে উঠে আসছে না। তিনি সংবাদকর্মীদের নারী পাচারের বিষয়টিকে অত্যধিক গুরুত্ব প্রদানের জন্য অনুরোধ করেন এবং এ ব্যাপারে নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ সংবাদ উপস্থাপনের জন্য বলেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক মো. নজরুল ইসলাম অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

অন্যান্যদের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক ফায়জুল হক, অতিরিক্ত মহাপরিচালক সূফী জাকির হোসেন, পরিচালক এ. কে. এম আজিজুল হক এবং পরিচালক ড. মো. মারুফ নাওয়াজ সেমিনারে আলোচনা করেন। সেমিনারটির পরিচালক হিসেবে ইনস্টিটিউটের প্রোগ্রামার মোহা. আব্দুস সালাম এবং সমন্বয়ক হিসেবে সহকারী প্রোগ্রামার এস. এম. রাফিউল আবেদীন দায়িত্ব পালন করেন।

সেমিনারে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তা এবং গণমাধ্যমকর্মীসহ মোট ৫০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

  
১২.১০.২৩  
(আবদুল হান্নান)

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

**বিতরণ: সদয় কার্যার্থে**

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। সভাপতি/ যুগ্ম সম্পাদক, জাতীয় প্রেস ক্লাব।
- ৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী শ্রমিক কেন্দ্র
- ৪। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। কার্যালয় নথি।